# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**04-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেরালাম, অসম, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ ও কেন্দ্র শাসিত অঞ্চল পুদুচেরিতে নির্বাচনী প্রচার ক্রমশ জোরদার হয়ে উঠেছে। বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালামে নির্বাচনী প্রচারে যোগ দেবেন। ওই রাজ্যেই প্রচারে যাবেন কংগ্রেস নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীও।

২/নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে ৪,৬৬০টি সহায়ক বা অক্সিলিয়ারি ভোটকেন্দ্র তৈরির অনুমোদন দিয়েছে।

৩/ ভোটের আগে পশ্চিমবঙ্গে বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তি ও রাজনৈতিক নেতাদের জন্য নিরাপত্তা পুনঃবিবেচনা করার নির্দেশ দিয়েছে, নির্বাচন কমিশন।

৪/ রাষ্ট্রসঙ্ঘঘের নিরাপত্তা পরিষদ, হরমুজ প্রণালী দিয়ে চলাচলকারী জাহাজগুলিকে ইরানের আক্রমণ থেকে রক্ষা করতে বলপ্রয়োগ বিষয়ে ভোটদান স্থগিত রেখেছে।

#ভারতীয় পতাকাবাহী এল পি জি ট্যাঙ্কার "গ্রীন সানভি" আজ যুদ্ধ বিধ্বস্ত হরমুজ প্রণালী অতিক্রম করে ভারতের পথে রওনা দিয়েছে।

৫।আইপিএল টি-২০ ক্রিকেটে আজ দিল্লি ক্যাপিটালস, মুম্বই ইন্ডিয়ান্স-এর বিরুদ্ধে খেলবে। অন্য ম্যাচে গুজরাট টাইটানস, রাজস্থান রয়্যালস-এর মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোট মুখী চার রাজ্য - কেরলম, তামিলনাড়ু, অসম , পশ্চিমবঙ্গ ও কেন্দ্র শাসিত পুদুচেরিতে নির্বাচনী প্রচার ক্রমশ জোরদার হয়ে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেরলম বিধানসভা নির্বাচনের প্রচারে আজ ওই রাজ্যে যাবেন। নির্বাচনী আবহে এই নিয়ে এটি তাঁর দ্বিতীয় কেরালাম সফর। দুপুর তিনটে নাগাদ চাঙ্গানাসেরি পৌঁছে থিরুভালায় এনডিএ-র নির্বাচনী বৈঠকে যোগ দেবেন তিনি। পরে তিরুভানান্তপুরমের কিল্লিপালাম থেকে কারামানা পর্যন্ত একটি রোড শোয়ে তাঁর অংশ নেওয়ার কথা। সন্ধ্যায় প্রধানমন্ত্রী দিল্লী ফিরে যাবেন।

এদিকে, লোকসভার বিরোধী নেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ আলাপুজ্বা থেকে ইউ ডি এফের প্রচারাভিযানে অংশ নেবেন। তিনি কাট্টাপানা এবং কুন্নাথুনাড়েও জনসভা করবেন।

সি পি আই এমের সাধারণ সম্পাদক এম এ বেবি আজ কোট্টায়ামে এল ডি এফের একাধিক কর্মসূচীতে যোগ দেবেন বলে জানা গেছে।

তামিলনাড়ুতেও মনোনয়ন পত্র দাখিলের পাশাপাশি প্রচারের কাজ চলেছে জোর কদমে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ চেন্নাইতে দলের শীর্ষ নেতাদের সঙ্গে এক রুদ্ধ দ্বার বৈঠক করবেন।

প্রধানমন্ত্রী গত সন্ধ্যায় পুদুচেরীতে এন ডি এ প্রার্থীর সমর্থনে একটি রোড-শো করেন। ১ কিলোমিটারের বেশী দীর্ঘ এই রোড শো অজন্তা সিগন্যাল জংশন থেকে শুরু হয়ে রাজা থিয়েটার সিগন্যালে গিয়ে শেষ হয়। মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামী, বিজেপির রাজ্য সভাপতি ভি পি রামালিঙ্গম, রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এ নামাসসিভায়াম প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।

উল্লেখ্য, কেরালাম, অসম ও পুদুচেরিতে ভোট নেওয়া হবে এক দফায়- ৯ই এপ্রিল। তামিলনাড়ুতে ভোট গ্রহণ, ২৩ শে এপ্রিল। পশ্চিমবঙ্গে ভোট গ্রহণ ২ দফায় - ২৩ ও ২৯শে এপ্রিল।

২৩ শে এপ্রিলের ভোট গ্রহনের জন্যে প্রারথিপদ দাখিলের সময়সীমা শেষ হবে ৬ ই এপ্রিল সোমবার। পরেরদিন জমা পড়া মনোনয়ন গুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই এপ্রিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ চেন্নাইতে নির্বাচনী প্রচারে অংশ নেওয়ার ফাঁকে বিশিষ্ট সঙ্গীত পরিচালক রমেশ ভিনায়কম এবং তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে মিলিত হন। পরে সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী বলেন, শ্রী ভিনায়কম,ভারতীয় সঙ্গীতকে জনপ্রিয় করে তুলতে একনিষ্ঠ ভাবে কাজ করে গেছেন। তাঁর উদ্ভাবিত গামাকা বক্স নোটেশন সিস্টেম,ঐতিহ্যবাহী সঙ্গীত চর্চার সীমাবদ্ধতা দূর করে। তাঁর উদ্যোগ এবং উদ্ভাবন ভারতীয় সঙ্গীতকে আন্তর্জাতিক স্তরে উন্নীত করেছে বলে প্রধানমন্ত্রী জানান।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ৪,৬৬০টি সহায়ক বা অক্সিলিয়ারি ভোটকেন্দ্র তৈরির অনুমোদন দিয়েছে।কমিশন সূত্রে জানা গেছে, যেখানে কোনও বুথে ভোটারের সংখ্যা ১,২০০-র বেশি, সেখানেই এই অতিরিক্ত বুথ তৈরি করা হবে। এর ফলে ভোটারদের ভিড় কমবে এবং সহজে ভোটদান সম্ভব হবে।

এছাড়াও, ভোটারদের সুবিধার্থে ৩২১টি ভোটকেন্দ্রের অবস্থান পরিবর্তনের অনুমোদন দেওয়া হয়েছে। নতুন জায়গায় স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার ভোটারদের পৃথকভাবে জানানো হবে বলে নির্দেশ দিয়েছে কমিশন।সব মিলিয়ে সহায়ক বুথ-সহ রাজ্যে মোট ভোটকেন্দ্রের সংখ্যা দাঁড়াল ৮৫,৩৭৯।

কমিশনের নির্দেশে আরও বলা হয়েছে, নতুন বুথ তৈরি ও স্থান পরিবর্তনের বিষয়ে ব্যাপক প্রচার চালাতে হবে এবং রাজনৈতিক দলগুলিকেও লিখিতভাবে জানাতে হবে। একইসঙ্গে সমস্ত নির্বাচন-সংশ্লিষ্ট আধিকারিকদের এই বিষয়ে অবহিত করার কথা বলা হয়েছে।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট গ্রহণ সুনিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব, পুলিশের মহা নির্দেশক, কলকাতার পুলিশ কমিশনার, বিভাগীয় কমিশনার, পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক, আই জি, কলকাতার নগরপাল, জেলাশাসক ও পুলিশ সুপারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু ও ডক্টর বিবেক যোশী গতকাল তাঁদের সঙ্গে ভার্চুয়াল এক বৈঠকে এই নির্দেশ দেন। ভোটদাতারা যাতে ভয়মুক্ত ও হিংসামুক্ত পরিবেশে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারেন, সে ব্যাপারে স্পষ্ট বার্তা দিয়েছে কমিশন। ভোট গ্রহণের সময় কোনরকম হিংসা, ভয় দেখানো বা জোর করে ভোট দিতে না দেওয়ার মত কোন ঘটনা বরদাস্ত করা হবেনা বলেও তাঁরা উল্লেখ করেছেন। বুথ দখল অথবা বুথ জ্যামের মতো যেকোনরকম ঘটনা প্রতিরোধে রাজ্যগুলিকে উপযুক্ত ব্যাবস্থা গ্রহণের'ও নির্দেশ দিয়েছে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

oooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ, আসাম, কেরলম, পুদুচেরি, ও তামিলনাড়ুতে বিধানসভা ভোটের দিনগুলিতে ভোটদাতাদের জন্য সবেতন ছুটির ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। কমিশন জানিয়েছে, কোনো ব্যবসা, বাণিজ্য, ও শিল্প প্রতিষ্ঠান অথবা অন্য যেকোনো সংস্থায় কর্মরত এবং ভোটদানের অধিকারী প্রত্যেক ব্যক্তিকে ভোটগ্রহণের দিন সবেতন ছুটি প্রদান করতে হবে। এই সবেতন ছুটির কারণে মজুরি থেকে কোনো অর্থ কেটে নেওয়া যাবে না। সেক্ষেত্রে প্রতিষ্ঠানের নিয়োগকর্তা এই নির্দেশ অমান্য করলে তিনি জরিমানার সম্মুখীন হবেন। কমিশনের তরফে জানানো হয়েছে দৈনিক মজুরি-ভিত্তিক এবং অস্থায়ী কর্মীরাও নির্বাচনের দিন সবেতন ছুটির অধিকারী হবেন।

উল্লেখ্য, যেসব ভোটার তাঁদের নিজস্ব নির্বাচনী এলাকার বাইরে কোনো শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত বা নিযুক্ত, কিন্তু যে নির্বাচনী এলাকায় ভোট গ্রহণ হতে

চলেছে সেখানে ভোটার হিসেবে নিবন্ধিত - তাঁরাও এই সবেতন ছুটির সুবিধা পাওয়ার অধিকারী হবেন বলে জানিয়েছে কমিশন।

কমিশনের পক্ষ থেকে এই মর্মে নির্দেশিকা জারি করার জন্যেও সংশ্লিষ্ট রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে বলা হয়েছে।

oooooooooooooooooooooooooo

নির্বাচন কমিশন বিধানসভা ভোটের আগে রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তি ও রাজনৈতিক নেতাদের জন্য নিরাপত্তা পুনর্বিবেচনা করার নির্দেশ দিয়েছে। অপ্রয়োজনীয় ক্ষেত্রে তা প্রত্যাহারেরও নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, যাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা রয়েছে বা যাঁরা জামিনে বা প্যারোলে রয়েছেন, এমন ব্যক্তিদের নিরাপত্তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। একইসঙ্গে যাঁদের ক্ষেত্রে পদমর্যাদা বা প্রকৃত হুমকির ভিত্তিতে নিরাপত্তা প্রাপ্য নয়, তাঁদের ক্ষেত্রেও এই সুরক্ষা তুলে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। চিঠিতে আরও বলা হয়েছে, প্রতিটি বিধানসভা কেন্দ্র ও পুলিশ জেলার ভিত্তিতে বর্তমানে কারা নিরাপত্তা পাচ্ছেন, তাঁদের নাম ও পদবি সহ বিস্তারিত তালিকা দ্রুত পাঠাতে হবে। এই তথ্য কমিশনের কাছে জমা দেওয়ার সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooooooo

রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ, হরমুজ প্রণালী দিয়ে চলাচলকারী জাহাজগুলিকে ইরানের আক্রমণ থেকে নিরাপত্তা দিতে আত্মরক্ষার্থে বলপ্রয়োগ বিষয়ে ভোটদান স্থগিত রেখেছে। এবিষয়ে বাহারিনের আনা গতরাতের খসড়া প্রস্তাবে ১৫ সদস্যের নিরাপত্তা পরিষদে ভোট দানের বিষয়টি নির্ধারিত থাকলেও, তা’ পিছিয়ে দেওয়া হয়। গতকাল গুড ফ্রাইডে থাকায় রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদে ছুটি ছিল।

উল্লেখ্য, উপসাগরীয় দেশ বাহারিন, চলতি মাসে রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদের প্রেসিডেন্সির দায়িত্ব পালন করছে। খসড়া প্রস্তাবের ওপর কবে ভোট নেওয়া হবে, সেবিষয়ে কিছু জানানো হয়নি।

oooooooooooooooooooooooooooo

ভারতীয় পতাকাবাহী আরও একটি এল পি জি ট্যাঙ্কার "গ্রীন সানভি" আজ যুদ্ধ বিধ্বস্ত হরমুজ প্রণালী অতিক্রম করে ভারতের পথে রওনা দিয়েছে। পশ্চিম এশিয়ায় যুদ্ধ শুরু হওয়ার পর এটি সপ্তম ভারতীয় এল পি জি বাহী ভারতীয় ট্যাঙ্কার যা হরমুজ প্রণালী অতিক্রম করলো বলে সরকারী সূত্রে জানা গেছে।

পশ্চিম পারস্য উপসাগরীয় অঞ্চলে এখনও মোট ১৭ টি ভারতীয় জাহাজ এবং ৪শোর বেশি নাবিক আটকে রয়েছে বলে জানা গেছে। জলপথ পরিবহণ দপ্তর এবং জাহাজ মালিকদের সঙ্গে ভারতীয় মিশন নিয়মিত যোগাযোগ রেখে চলেছে।পাশাপাশি পরিস্থিতির দিকে নজর রেখেছে।সর্বক্ষণের জন্য একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এর মাধ্যমে,ওই অঞ্চলে আটকে থাকা ১হাজারেরও বেশি ভারতীয় নাবিকদের দেশে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।

oooooooooooooooooooooooooo

এদিকে, পশ্চিম এশিয়ার সংঘর্ষ আজ ৩৬ দিনে পড়ল। আমেরিকা ইসরায়েল ইরানের মধ্যে লড়াই ক্রমশ আরো তীব্র হচ্ছে। উপসাগরীয় অঞ্চলে নাগরিক ও জ্বালানি পরিকাঠামোগুলোতে মুহুর্মুহু আক্রমণ বিশ্ব বাজারে জ্বালানি সরবরাহ ও সামুদ্রিক নিরাপত্তার ক্ষেত্রে উদ্বেগ বাড়াছে। ইরান ও তার সহযোগীরা, কুয়েতের একটি বিদ্যুৎ ও জল শোধনাগার প্লান্টে নতুন করে হামলা চালিয়েছে। তেহরান, আমরিকার ঘাঁটি রয়েছে এমন দেশগুলিকে বারবার সতর্ক করে দিয়ে বলেছে যে যদি তাদের গুরুত্বপূর্ণ পরিকাঠামোগুলির ওপর আক্রমণ চালানো হয়, তাহলে তারাও পাল্টা ভয়ঙ্কর হামলা চালাবে। ইরানের স্টেট মিডিয়া জানিয়েছে, আমেরিকার ফিফ্‌থ জেনারেশন

এফ 35 ফাইটার জেটের দ্বিতীয় একটি বিমান রিপাবলিক ইসলামিক রেভিউলিউশনারি গার্ড কোর এয়ার ডিফেন্স ব্যবস্থার সাহায্যে মাটিতে নামিয়েছে। রেভিলিউশানারি গার্ডের আধিকারিকরা জানিয়েছেন, পাইলট খুব সম্ভবত বিমান থেকে নেমে গেছে।
এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবারও নতুন করে আক্রমণের হুমকি দিয়ে বলেছেন, ইতিমধ্যে তেহরানে একটি ব্রিজের কাছে মার্কিন হানায় আট জনের মৃত্যু হয়েছে, আহত শতাধিক।

ooooooooooooooooooooooooooo

আমেরিকার যুদ্ধ বিমান গুলি করে মাটিতে নামানোর পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন এই ঘটনা ইরানের সঙ্গে কূটনৈতিক আলাপ আলোচনায় কোনো প্রভাব ফেলবে না । ইরানের আক্রমনের মুখে আমেরিকা, দুটি বিমান হারানোর পর এই প্রথম প্রতিক্রিয়া দিলেন ট্রাম্প। এদিকে যৌথ আক্রমণের পাশাপাশি কূটনৈতিক উদ্যোগ চলবে বলে জানা গেছে।
আমেরিকার দুটি যুদ্ধ বিমান উপসাগরীয় অঞ্চল ও ইরানে নামানোর পর,ইরান ও মার্কিন আধিকারিকরা গতকাল বলেন দুই বিমান চালককে উদ্ধার করা গেলেও তৃতীয় জন এখনও নিখোঁজ। তেহরানের বাহিনী তার খোঁজে তল্লাশি চালাচ্ছে। আকাশ পথে তাদের সম্পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে বলে প্রেসিডেন্ট ট্রাম্প ও প্রতিরক্ষা সচিব পিট হেগসেথের দাবি সত্বেও এই ঘটনা প্রমাণ করে যে আমেরিকা ও ইসরায়েলের বিমান এখনও ঝুঁকির সম্মুখীন হচ্ছে।
দুই আসন বিশিষ্ট প্রথম বিমানUS F-15 E জেট ইরান ,গুলি করে নামায় বলে জানা গেছে। দ্বিতীয় বিমান A-10 ওয়ারথগ যুদ্ধ বিমান ইরানের হামলায় কুয়েতে ভেঙে পড়ে। যদিও চালক অক্ষত। দুটি ব্ল্যাক হক হেলিকপ্টার নিখোঁজ পাইলটের অনুসন্ধান করছে।

ooooooooooooooooooooooooooo

মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা, আর্টেমিস ২ মহাকাশযানের নভশ্চরদের তোলা পৃথিবীর ছবি প্রকাশ করেছে। "হ্যালো ওয়ার্ল্ড" শীর্ষক ওই ছবিতে সুবিশাল অ্যাটলান্টিক মহাসাগর দেখা গেছে। দুই মেরুর সবুজ আভাও লক্ষ্য করা গেছে।

গতকাল পর্যন্ত আর্টেমিস ২ পৃথিবী থেকে ১ লক্ষ ৬০ হাজার কিলোমিটার পাড়ি দিয়েছে। চাঁদে পৌঁছতে আরও ২ লক্ষ ৫৮ হাজার কিলোমিটার পথ বাকি রয়েছে। আগামিকাল মহাকাশচারীরা গন্তব্যে পৌঁছবেন।

প্রসঙ্গত, তিন মার্কিন এবং এক ক্যানাডিয়ান নভশ্চরকে সঙ্গে নিয়ে আর্টেমিস ২ চাঁদের চারপাশে ভ্রমন করবে। তবে তাঁরা চন্দ্র পৃষ্ঠে অবতরণ করবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইপিএল ক্রিকেটে আজ দুটি খেলা রয়েছে। দুপুর সাড়ে তিনটের সময় দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে মুম্বই ইন্ডিয়ানসের বিরুদ্ধে খেলতে নামবে দিল্লি ক্যাপিটালস। অন্য ম্যাচে, সন্ধ্যে সাড়ে সাতটায় আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে রাজস্থান রয়্যালস।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০